দৈনিক জনকণ্ঠ

তারিখ 2·6··APR 1995
পৃষ্ঠা ৬ কলাম ১

মেডিক্যাল কলেজের হাল

# ১৯০ দিন ক্লাস বন্ধ ছিল

মিটফোর্ড রিপোর্টার ঃ দেশের সরকারী মেডিক্যাল কলেজগুলোয় গত বছর ১৯০ দিন ক্লাস বন্ধ ছিল। এর মধ্যে নিয়মিত ছুটি ছিল ৮০ দিন। হরতাল ও ধর্মঘটসহ বিভিন্ন কারণে অন্য দিনগুলোয় ক্লাস হয়নি।

সোমবার মেডিসিন ক্লাবের উদ্যোগে স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজে 'সেশনজট ও মুক্তি' শীর্ষক এক সেমিনারে এ তথ্য দেয়া হয়।

কলেজের অধ্যক্ষ অধ্যাপক এম এ শাকুর-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথি ছিলেন স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক এ কে শামসুদ্দিন সিদ্দিকী। বক্তারা সেশনজট কাময়ে আনার জন্য একাডেমিক কেলেন্ডার প্রণয়ন, শিক্ষক সংখ্যা বৃদ্ধি, পরীক্ষা পদ্ধতি পরিবর্তন, ছাত্র-শিক্ষক সম্পর্ক উন্নয়ন এবং বাস্তব ও গণমুখী শিক্ষা চালুর পক্ষে মত ব্যক্ত করেন।